গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

বিষয় : উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনী।

সভাপতি : মোঃ শাকিল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।

সভার তারিখ: ৩১জুলাই ২০২৩ খ্রি. সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আটপাড়া উপজেলাধীন ২০(বিশ) একরের নীচের জলমহালসমূহ এবং ২০(বিশ) একরের উর্ধ্বে জলমহালসমূহ সায়রাতভূক্ত করণ প্রসঙ্গে আলোচনা করা হয়।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বগীর খাল, লুনেশ্বর সায়রাতভূক্ত করণ প্রসঙ্গে।<br><br>তফসিল<br>বি.আর.এস খতিয়ান নং: ০১<br>দাগ নং: ৪৬৫, ২০৪৮, ২০৭৮<br>শ্রেণি: খাল<br>পরিমান: ৩.০০ একর | আটপাড়া উপজেলাধীন লুনেশ্বর ইউনিয়নর দৌলতপুর রামচন্দ্রপুর মৌজায় বগীর খালটি অবস্থিত। খালটি সায়রাত ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন পাওয়া গেছে। বর্ণীত বিষয়ে সার্ভেয়ারের সরেজমিন পরিদর্শন প্রতিবেদনও পাওয়া যায়। মূলত বর্ষার সময় উক্ত খাল এবং আশেপাশের এলাকার প্লাবিত হয়। শীত মৌসুমে পানি কমে আসে এবং ফলশ্রুতিতে উক্ত খালে দেশীয় প্রজাতির প্রচুর মাছ পাওয়া যায়। যা স্থানীয় প্রভাবশালীরা ভোগ দখল করে মর্মে জানা যায়। যেহেতু খালটি খাস খতিয়ান ভুক্ত সম্পত্তি, তাই উক্ত জলমহালটি সায়রাত ভুক্ত করা গেলে একদিকে যেমন সরকারি রাজস্ব আদায় হয় অপরদিকে সরকারি নিয়ন্ত্রণে ব্যবস্থাপনা করাও সহজ হবে। এমতাবস্থায় বগীর খালটি সায়রাত ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। | বগীর খালটি স্থানীয় প্রভাবশালীদের দৌরাত্ম রোধ করে সরকারি ব্যবস্থাপনা আনার স্বার্থে এবং রাজস্ব আদায়ের নিমিত্ত বার্ষিক ১৭৫০০০ টাকায় প্রারম্ভিক ইজারা মূল্য নির্ধারণ করে সায়রাত ভুক্ত করার জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লুনেশ্বর।<br>৩।সার্ভেয়ার/ সায়রাত সহকারী, আটপাড়া। |
| ০২ | পশ্চিম হাতিয়র বিল, তেলিগাতী সায়রাতভুক্ত করণ প্রসঙ্গে।<br><br>তফসিল<br>বি.আর.এস খতিয়ান নং: ০১<br>দাগ নং: ১০২<br>শ্রেণি: বিল<br>পরিমান: ৩.৪৭ একর | আটপাড়া উপজেলাধীন তেলিগাতী ইউনিয়নের পশ্চিম হাতিয়র মৌজায় পশ্চিম হাতিয়র বিলটি অবস্থিত। উক্ত জলমহালটি পৌষ ও মাঘ মাসে পানি কমে আসে তখন প্রচুর পরিমাণে দেশীয় প্রজাতির মাছ ধরা পড়ে। যা স্থানীয় দুষ্কৃতিকারীদের দখলে নিয়ে নেয় মর্মে সরেজমিন যাচাই কালে জানা যায়। উক্ত জলমহালটি সায়রাত ভুক্ত করে ইজারা প্রদান করলে সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং জলমহালটি সরকারের নিয়ন্ত্রণাধীন থাকবে। | পশ্চিম হাতিয়র জলমহালটি সরকারের নিয়ন্ত্রণে রাখা এবং রাজস্ব আদায়ের স্বার্থে বার্ষিক প্রায় ৫০,০০০ টাকা প্রারম্ভিক মূল্য নির্ধারণ করে জেলা জলমহাল কমিটির অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লুনেশ্বর।<br>৩।সার্ভেয়ার/ সায়রাত সহকারী, আটপাড়া। |
| ০৩ | ইছাইল খাস পুকুর, শুনই সায়রাতভুক্ত করণ প্রসঙ্গে।<br><br>তফসিল<br>বি.আর.এস খতিয়ান নং: ১/১<br>দাগ নং: ৫৬১<br>শ্রেণি: পুকুর<br>পরিমাণ: ১.৭৫ একর | আটপাড়া উপজেলাধীন শুনই ইউনিয়নের ইছাইল মৌজায় ইছাইল খাস পুকুরটি অবস্থিত। বদ্ধ জলাশয়টি ইজারা যোগ্য কিন্তু স্থানীয় লোকজন অবৈধ ভাবে মাছ আহরন করে থাকে। স্থানীয় অবৈধ দখলদার হতে জলমহালটি উদ্ধার করা হয়েছে কিন্তু সরকারের নিয়ন্ত্রণে রাখার জন্য সায়রাভুক্ত করা একান্ত প্রয়োজন। | ইছাইল খাস পুকুরটি সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে বার্ষিক প্রায় ২৫,০০০ টাকা ইজারা মূল্য নির্ধারণ করে জেলা জলমহাল কমিটির অনুমোদনের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লুনেশ্বর।<br>৩।সার্ভেয়ার/ সায়রাত সহকারী, আটপাড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | লাঙ্গুলিয়া খাল, শুনই সায়রাতভুক্ত করন প্রসঙ্গে।<br><br>তফসিল<br>বি.আর.এস খতিয়ান নং: ০১<br>দাগ নং: ২২২৬, ২০৮৮, ০১, ২৪১, ৩০০১, ৫৬১৩<br>শ্রেনি: খাল<br>পরিমান: ৩২.৮৪ একর | আটপাড়া উপজেলাধীন শুনই ইউনিয়নের ভরতোষী, ভুরভুরিয়া, স্বল্প শুনই, মল্লিকপুর শুনই মৌজার নাঙ্গুলিয়া খাল জলমহালটি অবস্থিত। সরেজমিন পরিদর্শন ও স্থানীয়দের প্রদত্ত তথ্য উল্লেখিত জলমহালটিতে মৎস্য উৎপাদন ও বংশ বৃদ্ধির উর্বর জায়গা। বর্ষার শেষে শীত মৌসুমে পানি কমে যাওয়ায় প্রচুর দেশীয় মাছ ধরা পড়ে। কিন্তু সরকারের নিয়ন্ত্রণ না থাকায় স্থানীয় প্রভাবশালীদের নিয়ন্ত্রণে চলে যায় খালটি। অতএব, সরকারি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা, সায়রাত মহলের সুষ্টু ব্যবস্থাপনা ও রাজস্ব সংগ্রহণের স্বার্থে সায়রাত ভুক্ত গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | জলমহালটি হতে সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা ও রাজস্ব আদায়ের স্বার্থে প্রারম্ভিক ১০০০০০ টাকা বার্ষিক ইজারা মূল্য নির্ধারণ পূর্বক জেলা জলমহালটি কমিটির অনুমোদেনের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লুনেশ্বর।<br>৩।সার্ভেয়ার/ সায়রাত সহকারী, আটপাড়া। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৭/২৩

(মো: শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা।

স্মারকনং- ০৫.৪৫.৭২০৪.০০০.৩৩.০৩৩.২২-

তারিখ: ৩১/০৭/২০২৩খ্রিঃ

অনুলিপি: সদয়জ্ঞাতার্থে-( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯-নেত্রকোণা-৩, আটপাড়া-কেন্দুয়া নির্বাচনী এলাকা, নেত্রকোণা।
০২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৫. অফিসার ইনচার্জ, আটপাড়া থানা, আটপাড়া, নেত্রকোণা।
০৬. উপজেলা ........................................ অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট), আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ........................................ সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আটপাড়া, নেত্রকোণা।
০৯. অফিস কপি।

৩১/০৭/২৩

সহকারী কমিশনার (ভূমি)
আটপাড়া, নেত্রকোণা।